

সেই সব বৃষ্টিগুলি

একদিন তুমিই বলেছিলে মেঘের বিষন্নতার কথাগুলি,
আমি তো কেবল তাকে খুঁজেছিলাম কোচিং ক্লাসে!
একটি বাসী চিঠি ছিল হাতে। আর তাতে লেখা ছিল—
কেমন আছো মেঘ? কাল সপ্তমী। স্টেশনে অপেক্ষা করব।
এরপর এক বানজারা হাওয়া আসে—উড়ে যায় আমার গ্ল হাত চিঠি
আলপথের শুকনো বটপাতা কুড়িয়ে নিয়ে সেই চিঠি আমাকে—
জিঞ্জেস করেছিল—টিউশানি করে কত পাও? তুমি ওর যোগ্য নও।
তারপর এল বেওয়ারিশ বৃষ্টি। একপলকেই আমি ভিজে কাক।
মাথাভর্তি জল নিয়ে যেই ফেলেছি পা বনে অমনি সব
অসুস্থ রসহীন আঁকাবাঁকা ডাল ছুঁড়ে দিয়েছিল ইঙ্গিত
আর বলেছিল—সংযম শেখো, পাতাদের সংসার দ্যাখোনি?
সেই থেকে আমি সংযম শিখছিলাম। হয়েছিলাম সেই বনের রাখাল
এরপর অন্ধকার এক রাতে পাতার কুটির মেঘের উড়ন্ত চুম্বন স্পর্শ করলে
ফিরে এসেছিল সেইসব বৃষ্টিগুলি। হাতে একটা চিরকুট গুঁজে দিয়েছিল
আর তাতে লেখা ছিল—ক্যাবলারাম, সেদিন কোচিং ক্লাসে আসোনি কেন?

কুশল কুমার বাগচী

